৭২

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..25.SEP..1998 ... ...
পৃষ্ঠা ..৩.. কলাম ..৫....

# ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের নির্বাচন অক্টোবরের শেষ সপ্তাহে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ আগামী অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট নির্বাচন অনুষ্ঠিত হবে। চলতি মাসে এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ভয়াবহ বন্যা পরিস্থিতির কারণে তা পিছিয়ে গেছে। এখন পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী এই নির্বাচনে সরকার সমর্থক শিক্ষক গোষ্ঠী 'নীল দল' ও বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষক গোষ্ঠী 'সাদা দল' নির্বাচনে অংশ নেবে।

সিন্ডিকেটের ছ'টি পদে শিক্ষকদের মধ্য থেকে প্রতিনিধি নির্বাচন করা হয়, উভয় দলই ইতোমধ্যেই প্যানেল তৈরি ফেলেছে। ডিনদের পক্ষে নীলদলের প্রার্থী হলেন কলা অনুষদের ডিন অধ্যাপক কাজী শহীদুল্লাহ, প্রভোস্টদের পক্ষে অধ্যাপক ড. মো. আবদুল আজিজ, অধ্যাপকদের পক্ষে ড. এটিএম জহুরুল হক, সহকারী অধ্যাপকদের পক্ষে মিসেস কাজী আফরোজ জাহানআরা, নীলদলের লেকচারার পদে মনোনয়ন এখনও চূড়ান্ত হয়নি। এই পদে তিনজন প্রার্থীর মধ্যে অধ্যাপক পদে জোর লবিং চলছে। এই প্যানেলে সহযোগী পদে মনোনয়ন পেয়েছে আমিনুর রশীদ।

বিএনপি-জামায়াত সমর্থক সাদা দলে প্রভোস্টদের পক্ষে প্রার্থী হলেন অধ্যাপক মোঃ সিরাজুল ইসলাম খান। প্রভোস্টপদে অধ্যাপক আ. ফ. ম ইউসুফ হায়দার, অধ্যাপক পদে অধ্যাপক মমিন চৌধুরী, সহযোগী অধ্যাপক পদে ড. মোসলেহ্ উদ্দিন আহম্মদ (তারেক) সহকারী অধ্যাপক পদে মনোনয়ন পেয়েছেন ড. জাহাঙ্গীর হোসেন সরদার, লেকচারার পদে মনোনয়ন পেয়েছেন মোঃ মহব্বত।